



সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
কোটবাড়ি, কুমিল্লা

CCN UST IMS এর
পাসওয়ার্ড পরিবর্তন সংক্রান্ত নোটিশ

এই বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ ও বিভাগের সকল পর্বের ছাত্র-ছাত্রী এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্যে জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের IMS এ নিজেদের তথ্যাবলি সুরক্ষিত রাখার স্বার্থে পাসওয়ার্ড পরিবর্তন করা অতীব প্রয়োজন। সেই লক্ষ্যে নিম্নবর্ণিত তারিখ ও সময়ের মধ্যে স্ব স্ব একাউন্টে প্রবেশ করে নিজের মতো করে পাসওয়ার্ড সেটিং এর আহ্বান জানানো যাচ্ছে। পাসওয়ার্ড পরিবর্তনের পর তা কোনো গোপনীয় স্থানে লিখে রাখা বুদ্ধিমানের কাজ। কারণ IMS এ Login করতে হলে প্রতিবারই পাসওয়ার্ড প্রয়োজন।


(ক) পাসওয়ার্ড পরিবর্তনের সময়সীমাঃ

২৭.০৯.২০২০খ্রি. রোজ রবিবার সকাল ৯টা থেকে রাত ৯টার মধ্যে।

(খ) পাসওয়ার্ড পরিবর্তনের নিয়ম

০১. পূর্বের নিয়মে ইমেইল অ্যাড্রেস ও পুরাতন পাসওয়ার্ড দিয়ে IMS এ Login করতে হবে।

০২. মেনুবারের **Profile** মেনুতে ক্লিক করে **Login Access** বাটনে ক্লিক করতে হবে। নিচের ১নং ছবিটি প্রদর্শিত হবে।




চিত্র নং-১ঃ Login Access Screen

০৩. Password বক্সে নিজের পছন্দমতো পাসওয়ার্ড টাইপ করতে হবে। অতঃপর Confirm Password বক্সে একই পাসওয়ার্ড টাইপ করে **Change Password** বাটনে ক্লিক করতে হবে।

০৪. সবশেষে ২নং ছবির ন্যায় উপরের ডান দিকের কর্ণারে ∇ চিহ্নটির উপর ক্লিক করে Logout অপশনটি সিলেক্ট করে বেরিয়ে যেতে হবে।

০৫. এবারে নতুনভাবে সেটিংকৃত পাসওয়ার্ডের মাধ্যমে Login করতে হবে।

শিক্ষার্থীদের ব্যক্তিগত তথ্য, পরীক্ষার উত্তরপত্র, ফলাফল, আর্থিক লেনদেন ইত্যাদি তথ্যাবলি পর্যায়ক্রমে IMS এ এন্ট্রি করা হচ্ছে। তাই নিজের তথ্যের গোপনীয়তা রক্ষার স্বার্থে পরিবর্তিত পাসওয়ার্ডটি অন্য কারো সাথে শেয়ার না করার আহ্বান জানানো যাচ্ছে। পাসওয়ার্ড পরিবর্তন করার পর নিজের তথ্যসমূহের গোপনীয়তার দায়ভার শিক্ষার্থীর নিজের, এই বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।



চিত্র নং-২ঃ Logout অপশন

রেজিস্ট্রার

সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

c:\users\al\downloads\notice ims password (1).doc